দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ..08 AUG 1989 ...
পৃষ্ঠা... 5 ... কলাম... 3 ...

# শিক্ষাঙ্গন

## প্রাথমিক শিক্ষার মানদণ্ড

উপযুক্ত শিক্ষকের অভাবে যথার্থ জ্ঞানার্জন থেকে বঞ্চিত হয় শিক্ষার্থী। এতে দেশে যোগ্য নাগরিক সৃষ্টি তথা দক্ষ জনশক্তি তৈরীতে ভাটা পড়ে। শিক্ষক নিয়োগ ও পদোন্নতিতে যোগ্যতা যাচাই ক্ষেত্রে আমাদের দেশে নিছক পুথিগত বিষয়ের আশ্রয় নেওয়ায় জনশক্তি গঠনের পরিবেশ বিঘ্নিত হয়।

একজন শিক্ষকের সুদীর্ঘ কর্মময় জীবনের সাফল্যজনক কীর্তি থাকতে পারে। থাকতে পার অধ্যয়ন ও অনুশীলিত কৃতিত্বের গৌরব। জানতে হবে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকের গুণগত ও মানগত দক্ষতার তথ্য। কিন্তু শিক্ষকের যোগ্যতার ভিত্তিতে বিভিন্ন বৈশিষ্ট্যগত দিক পরিচয়ের সুযোগ এখানে নেই। নেই শিক্ষকের প্রয়োজনীয় কৃতকর্মের উপযুক্ত বিচার ব্যবস্থায় সঠিক মূল্যবোধ সৃষ্টি।

সুদীর্ঘ অতিক্রান্ত পথে শিক্ষকের বিগত কর্মের বৈচিত্রময়তায় সংগৃহীত হয় যে অভিজ্ঞতার ফসল, এর নেপথ্যে শিক্ষকের সফলতার মূল্য কি নিরর্থক? যদি মূল্যবান কিছুর চাহিদা থেকেই থাকে তবে অবশ্যই উপযুক্ত মূল্যায়নে তা পূরণ করতে হয়। শিক্ষকতা সৃজন ধর্মী ও সমাজ সেবামূলক দায়িত্ব গ্রহণ। প্রাথমিক শিক্ষকদের এই সেবা পরায়ণতা আজ পেশাভিত্তিক অন্যান্য সরকারী কর্মচারীদের আওতাভুক্ত করা হয়েছে। কিন্তু সমাজ সচেতন আদর্শ নাগরিক হিসাবে শিক্ষককে শিক্ষায় মৌলিক অবদানের সাথে সামাজিক অবদানও রাখতে হয়।

প্রাথমিক শিক্ষকগণ একবার সরকারী প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণের পর নিয়োগপ্রাপ্ত হন। অথচ দীর্ঘ দিন নিয়োজিত থাকার পর কোন শিক্ষকের কাজের সুফল অনুযায়ী স্বাভাবিক গতিতে পদোন্নতি হয় না।

এই পদোন্নতির জন্য শিক্ষককে সাধারণ ছাত্রের ন্যায় সাধারণ বিষয়ে পরীক্ষা দিতে হয়। অথচ সাধারণ ছাত্রের ন্যায় পুনঃ পরীক্ষা নেবার প্রয়োজন মোটেই যুক্তিসংগত নয়। শিক্ষকের তুলনামূলক বৈশিষ্ট্য ও তাঁর বাস্তব গুণাগুণসম্পন্ন মেধা, প্রজ্ঞাশীলতার গভীরতা, ধারণ ও গ্রহণ ক্ষমতা, প্রয়োগ সামর্থ্য, উদ্ভাবন ও সৃজনশীলতা, দৃষ্টিভংগীর সচেতনতায় কোন বিষয়ের উপর বিশেষজ্ঞতার পরিমাণ মাত্রা নির্ণয়ের উদ্দেশ্য থাকলে প্রচলিত ব্যবস্থায় কি করে শিক্ষক যোগ্যতার পরিচয় নেওয়া হয়।

শিক্ষকতাকালীন সময় থেকে কর্মজীবনের মধ্যাহ্নে শিক্ষকের সঞ্চয়ী অভিজ্ঞতার ফসল যে পরিমাণ মজুত থাকে তা শুধু পুঁথিগত বিষয়ের পরীক্ষার মাধ্যমে যোগ্যতা যাচাইয়ের জন্য যথেষ্ট নির্ভরযোগ্য মাধ্যম নয়। সকলেরই মনে রাখা উচিত শিক্ষকতা সৃজনধর্মী বিষয় বলেই তা এক প্রকার মহান শিল্প। আর, সকলেই শিল্পী নয়, কেউ কেউ শিল্পী। তাই, কেবল ডিগ্রী প্রাপ্ত বেকার নিয়োগ হলেই উপযুক্ত শিক্ষক নিয়োগ হয় না।

শিক্ষকের গুণগত মান নিরুপণ অ[illegible] যথার্থ বিচার ও মূল্য বোধের প্রশ্নে সঠিক নীতি আদর্শ নির্ধারিত না হলে যোগ্যতার সঠিক পরিচয় সার্থক হয় না। সার্থক হয় না শিক্ষা যোগ্য শিক্ষকের শ্রেষ্ঠত্ব যাচাই।

প্রাথমিক শিক্ষা, মৌলিক শিক্ষা এই শিক্ষার জন্য শিক্ষকের সঠিক মান নির্ণয়ের ব্যর্থতাই শিক্ষার মানোন্নয়নে অন্তরায়ের প্রধান ও মৌলিক দিক।

শাহ্ আবু ইউনুস